

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি শাখা
৩৭/৩, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা
e-mail: ddawareness.dwa@gmail.com


স্মারক নং- ৩২.০১.০০০০.০০৯.১৬.০১১.১৫ (অংশ-৬)- ৩৬

তারিখ ; ২৫/০৬/২০২৬ খ্রি.

বিষয় : মহিলা বিষয়ক অধিদপ্তরের ২০২৫-২০২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের কোড নং-৩২১১১২৫ প্রচার ও বিজ্ঞাপন ব্যয়, কোড নং-৩২৫৫১০৫ অন্যান্য মনিহারি, কোড নং-৩২১১১১১ সেমিনার/কনফারেন্স ব্যয় খাতের অর্থ বরাদ্দ প্রসংগে।

সূত্র নং- : ৩২.০১.০০০০.০০২.২০.০২২.২৫.৭৩৯, তারিখ : ০৯/০৬/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারীর ও শিশুর প্রতি সহিংসতা রোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধমূলক বিভিন্ন প্রচারনা কার্যক্রম ও আলোচনা সভার ব্যয় নির্বাহের জন্য অর্থবছরের মহিলা বিষয়ক অধিদপ্তর খাতের অধীনে ১৩০০২০২ জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়সমূহের সংশোধিত বাজেট বরাদ্দের কোড নং-৩২১১১২৫ প্রচার ও বিজ্ঞাপন ব্যয়, কোড নং-৩২৫৫১০৫ অন্যান্য মনিহারি, কোড নং-৩২১১১১১ সেমিনার/কনফারেন্স ব্যয় উপখাতে বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত উপখাতে বরাদ্দকৃত অর্থ উত্তোলনপূর্বক সচেতনতামূলক কার্যক্রম (নারীর ও শিশুর প্রতি সহিংসতা রোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধমূলক এবং স্কুল/কলেজে/বিশ্ববিদ্যালয়ে নারী ও শিশু নির্যাতন এবং বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতা সপ্তাহ পালন করার জন্য বিতর্ক ও রচনা প্রতিযোগিতা, র্যালি, সেমিনার ও আলোচনা সভার আয়োজন) কার্যক্রম বাস্তবায়ন করে ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে খরচের বিল ভাউচার ও অনুষ্ঠানের ছবিসহ উপপরিচালক, পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(পারভীন আক্তার)
উপপরিচালক (চলতি দায়িত্ব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

উপ-পরিচালক (সকল জেলা)
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সহকারী পরিচালক (ওয়েব সাইট), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ২। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। পরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।